সামাজিক দূরত্ব মেনে ফুটবল খেলতে গিয়ে ৩৭ গোলে পরাজয়!

করোনার উদ্বেগ কাটিয়ে ক্রিকেটের অনেক আগেই ফুটবল শুরু হয়েছে ইউরোপের বিভিন্ন দেশে। যদিও করোনা পরবর্তী সময়ে সেই ফুটবলের ক্ষেত্রে বেশ কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। মাঠে দর্শক প্রবেশের অনুমতি যেমন নেই তেমনি রিজার্ভ ফুটবলাররা বসে থাকবেন গ্যালারিতে- এইরকম বেশ কিছু নিয়ম রয়েছে। কিন্তু যেহেতু ফুটবল বডি কনট্যাক্ট গেম তাই সেখানে সামাজিক দূরত্বের বিধি মানা সম্ভব নয়।

কিন্তু ফুটবলে যদি সেই সামাজিক দূরত্বের বিধি মানতেই হয় তাহলে কেমন হবে? সামাজিক দূরত্বের বিধি মেনে ফুটবল খেলতে গিয়ে জার্মানির একটি ক্লাব এক বা দুই নয়, গুনে গুনে ৩৭ গোল হজম করল। করোনাভাইরাসের আবহে লকডাউনের পর জার্মানিতেই প্রথম পেশাদার ফুটবল শুরু হয়েছিল। সেই জার্মানিতেই এবার করোনার সামাজিক দূরত্বের বিধি মানতে গিয়ে নজির গড়ল এগারো নম্বর ডিভিশনের দল রিপডর্ফ। সামাজিক দূরত্ব বিধি মেনে ফুটবল খেলেছে তারা। আর সেই সুযোগটা কাজে লাগিয়েছে প্রতিপক্ষ এসভি হোল্ডেনস্টেড।

৩৭ গোল দিয়েছে তারা রিপডর্ফকে। আসলে সামাজিক দূরত্বের বিধি মানতে গিয়ে মাঠজুড়ে অনেকটাই ফাঁকা জায়গা তৈরি হয়েছিল। আর তাই কার্যত ফাঁকা মাঠে গোল দেওয়ার মতো কাজটা অনেকটাই সহজ হয়ে গেছে হোল্ডেনস্টেডেরও। আবার রিপডর্ফ দলের এক ফুটবলার বলেছেন, করোনা আবহে আমরা কোনও ঝুঁকি নেইনি। সেই সুযোগটাই কাজে লাগিয়েছে প্রতিপক্ষ।

সূত্র- বিডি-প্রতিদিন

পেঁয়াজ সমাচার এবং আমাদের

চরিত্র

সম্প্রতি একরকম হঠাৎ করেই বাংলাদেশে পেঁয়াজ রফতানী বন্ধ করে দিয়েছে ভারত। অবশ্য কিছুদিন আগেও একবার এরকম করেছিলো তারা। এর ফলে তখনও যে ঘটনা ঘটেছিলো এখনও ঠিক সেই ঘটনাই ঘটলো। রফতানী বন্ধ ঘোষনা দেবার পরদিনই বাংলাদেশে পেঁয়াজের দাম দ্বিগুনেরও বেশি হয়ে গেলো। অথচ সরকার বারবার বলছে তাদেরকাছে যে পরিমাণ পেঁয়াজ মজুত আছে তাতে অন্তত ৩ মাস চলা যাবে। তাহলে পেঁয়াজের দাম বাড়লো কেন?

সরকারের কথা যদি ঠিক হয় তাহলে তো অন্তত ২ মাস বা তার বেশি সময়ের আগে বাংলাদেশে পেঁয়াজের সংকট তৈরি হবার কথা না। তাহলে দাম বাড়লো কেন? কারা বাড়ালো এবং কেন বাড়ালো? আমরা হরহামেশাই ভারতকে গালমন্দ করি যে তাদেরকে বাংলাদেশের বন্ধু বলা হলেও তারা আসলে আমাদের শত্রু। তারা সব সময় আমাদের বিপদে ফেলে। ভারত আমাদের বন্ধু না শত্রু সে তর্কে আজকে না যেয়ে বরং তর্কের খাতিরে ধরে নিলামতারা আমাদের শত্রু সে কারনে তারা হঠাৎ করে পেঁয়াজের রফতানী বন্ধ করে দিয়ে আমাদের বিপদে ফেলতে চেয়েছে বা বিপদে ফেলে দিয়েছে।

কিন্তু ৩ মাসের মজুত থাকার পরও হঠাৎ করে দাম বাড়িয়ে দিয়ে আমরা কি করলাম? আমরা তো আমাদের শত্রু না তাহলে কেন করলাম এই কাজ? কেন এই বিপদের সময় দেশের সাধারণ মানুষের পাশে না দাঁড়িয়ে নিজের লোভ মেটাতে তৎপর হলাম। এর উত্তর কে দেবে? অথচ আমাদের কি করা উচিত ছিলো ভারত যেহেতু আমাদের বিপদে ফেলতে চেয়েছে তাই যাতে আমরা সে বিপদে না পড়ি তার জন্য বাজার স্থিতিশীল রেখে অন্য কোন দেশ থেকে পেঁয়াজ আমদানীর সর্বাত্বক চেষ্টা করা। এবং এই সময়কালে দেশের মানুষের যেন কোন অসুবিধা না হয় তার জন্য যথাসাধ্য চেষ্টা করা যাতে দাম যথেষ্ঠ পরিমাণে নিয়ন্ত্রণে থাকে।

এছাড়া ভারত যেহেতু বারবার রফতানী বন্ধ করে দিচ্ছে সেটা যে কারনেই করুক না কেন এবং তাতে আমাদের যেহেতু বিপদ হচ্ছে সেহেতু পেঁয়াজ আমদানীর ক্ষেত্রে ভারতের প্রতি অতি নির্ভরতা বন্ধ করে অন্যান্য বাজারের দিকে নজর দেয়া।সেটাই তো সত্যিকারের নাগরিক এবং দেশপ্রেমের কাজ। কিন্তু সেটা কি আমরা করলাম? না করলাম না। তার বদলে কিছু মানুষ নিজের অধিক মুনাফা করার লোভে দেশের সাধারণ মানুষের কথা চিন্তা না করে সিন্ডিকেট বানিয়ে পেঁয়াজের দাম দ্বিগুণেরও বেশি বাড়িয়ে দিয়ে কয়েক দিনের মধ্যেই হাজার হাজার

কোটি টাকা হাতিয়ে নিচ্ছে সাধারণ মানুষের কাছ থেকে।এই যদি হয় আমাদের দেশপ্রেমের নমুনা তাহলে ভারতকে লাগবে না আমাদের দেশের বারোটা বাজানোর জন্য আমরা নিজেরাই যথেষ্ঠ।আমার তো মনে হয় এ সমস্ত মানুষ এরকম সুযোগের অপেক্ষাতেই থাকে কখন দেশের এরকম সংকটকাল আসবে আর তারা সেই অবস্থাকে জিম্মি করে টাকার পাহাড় গড়বে।আমরা সব সময় অন্যের ছিদ্রান্বেশনকরে বেড়াই অথচ নিজেদের দোষ কখনই আমাদের চোখে পড়ে না।

আমার তো মনে হয় ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় রাজাকাররা যা করেছিলো এখন আমাদের দেশের পেঁয়াজ ব্যবসায়ীরাও তাই করলো । রাজাকাররা নিজেদের দেশের মানুষের বিপক্ষে গিয়ে পাকিস্থানের পক্ষে কাজ করেছিলো এখনও এ দেশের পেঁয়াজ ব্যবসায়ীরা নিজেদের দেশের মানুষের বিপক্ষে গিয়ে নিজেদের পেট ভরালো। দুইটাই তো নিজের দেশের বিরুদ্ধে বেঈমানী করা।অবশ্য এই ধরনের কাজ এটাই প্রথম নয়।

যখনই কোন সংকট আসে সব সময়ই কিছু মানুষ সেই সংকটময় মুহুর্তকে তাদের নিজের মুনাফা করার সুযোগ হিসাবে বিবেচনা করে।এটাই এই দেশের কিছু মানুষের চরিত্র! পৃথিবীতে বিভিন্ন দেশে যখন কোন উৎসব হয় তখন সেই দেশে বিভিন্ন রকম পণ্যে বিভিন্ন রকম ছাড় এবং মূল্য কম করা হয় অথচ আমাদের দেশে যখন কোন উৎসব আসে তখন সেটা যেন মানুষের গলাকাটার উৎসবে পরিণত হয়। এমনকি পবিত্র রমজান মাসে যখন সবচেয়ে সংযম প্রদর্শন করা উচিত কিন্তু রমজান মাসটাই যেন আমাদের দেশের ব্যবসায়ীদের সারা বছরের মধ্যে সবচেয়ে মুনাফা করার মাস হিসাবে বিবেচিত হয়।

আসলে আমাদের নিজেদেরক্ষতি করার জন্য কোন ভারত কিংবা অন্য কোন শক্তির প্রয়োজন হয় না আমরা নিজেরাই যথেষ্ঠ নিজেদের ক্ষতি করার জন্য। যতদিন আমাদের এই চরিত্র না বদলাবে ততদিন পর্যন্ত আমাদের দেশের কোন উন্নতি সম্ভব নয়।

লেখক : গণমাধ্যমকর্মী

মেহেরপুর পুলিশের সচেতনতামূলক কার্যক্রম সহ মাস্ক বিতরণ

মেহেরপুর জেলায় সাধারণ মানুষের মধ্যে শতভাগ মাস্ক ব্যবহার নিশ্চিতকরণে জেলা পুলিশ মেহেরপুরে সচেতনতামূলক কার্যক্রমসহ জনসাধারণের মাঝে মাস্ক বিতরণ অব্যাহত রেখেছেন।

তারই ধারা বাহিকতায় আজ শনিবার দুপুরে পুলিশ সুপার এসএম মুরাদ আলির নিদের্শনায় শহরের হোটেল বাজার, কোর্টমোড় এলাকা, কলেজ মোড়সহ বিভিন্ন এলাকায় সচেতনতামূলক কার্যক্রমসহ জনসাধারণের মাঝে মাস্ক বিতরণ করেছে জেলা পুলিশ।

এ সময় পুলিশের পক্ষ থেকে জনগণকে সতর্ক থাকা এবং মাস্ক ছাড়া ঘরের বাইরে বের না হওয়ার আহবান জানানো হয়। একই সাথে মাস্ক ছাড়া অসচেতনভাবে রাস্তায় ঘোরাঘুরি করলে আইনত ব্যবস্থা নেওয়ার কথা বলা হয় পুলিশ সদস্যরা।

করোনায় আরও ৩২ জনের মৃত্যু, শনাক্ত ১৫৬৭

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৯১০ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ১ হাজার ৫৬৭ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ৩ লাখ ৪৭ হাজার ৩৭২ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৫১ জন এবং মোট সুস্থ ২ লাখ ৫৪ হাজার ৩৮৬ জন।

শনিবার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১৩ হাজার ১৭০টি নমুনা পরীক্ষা করে ১ হাজার ৫৬৭ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট শনাক্ত ৩ লাখ ৪৭ হাজার ৩৭২।

গত ২৪ ঘণ্টায় পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ১১ দশমিক ৯০ শতাংশ।

এই সময়ে দেশে আরও ৩২ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৪ হাজার ৯১০ জন কোভিড রোগীর মৃত্যু হলো।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৫১ জন এবং মোট সুস্থ ২ লাখ ৫৪ হাজার ৩৮৬ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৭৩ দশমিক ২০ শতাংশ ও মৃত্যু হার ১ দশমিক ৪১ শতাংশ।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগী শনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

বলিভিয়া ও পেরুর বিপক্ষে ব্রাজিলের ২৩ সদস্যের দল ঘোষণা

নেইমার-কৌতিনহোকে দলে রেখে বলিভিয়া ও পেরুর বিপক্ষে বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচের জন্য ২৩ সদস্যের দল ঘোষণা করেছে ব্রাজিল। দলে ফিরেছেন গোলরক্ষক আলিসন।

কোচ তিতের দলে জায়গা করে নিয়েছেন রিয়ালের শিরোপা জয়ের মিশনে

আলো ছড়ানো ফরোয়ার্ড রদ্রিগো। আছেন কাসেমিরো, গাব্রিয়েল জেসুস, রবের্তো ফিরমিনো, রিশার্লিসনরা। আগামী ৮ অক্টোবর ঘরের মাঠে বলিভিয়াকে আতিথ্য দেবে ব্রাজিল। এর পাঁচ দিন পর পেরুর আতিথ্য নেবে ব্রাজিল।

গত মার্চে হওয়ার কথা থাকলেও করোনাভাইরাসের প্রাদুর্ভাবে দুই দফা স্থগিত হয় সূচি। অবশেষে গত বৃহস্পতিবার ফিফার পক্ষ থেকে জানানো হয়, পরিবর্তীত পরিকল্পনা অনুযায়ী অক্টোবরে মাঠে গড়াবে দক্ষিণ আমেরিকা অঞ্চলের বিশ্বকাপ বাছাইপর্ব। এর পরদিনই দল ঘোষণা করল ব্রাজিল।
বিডি প্রতিদিন

এবারও অনিশ্চিত আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন!

সীমানা সংক্রান্ত জটিলতায় প্রায় ১০ বছর ধরে আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। সীমানা জটিলতা নিরসন করে ২০১৭ সালে মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও এখনও আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। প্রায় দশ বছর ধরে চেয়ারম্যানের দায়িত্বে আছেন আনারুল ইসলাম। সর্বশেষ ২০১৭ সালে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষনার পরও নির্বাচন অনুষ্ঠিত হয়নি। আসন্ন স্থানীয় নির্বাচনকে কেন্দ্র করে সব জায়গাতেই এক প্রকার নির্বাচনি আমেজ তৈরি হলেও আমদহ ইউনিয়ন নির্বাচন নিয়ে এখনো অনিশ্চিয়তা কাটছে না।

জানা গেছে, গত ২০১১ সালের ৯ জুন আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন হয়। একই বছরের ২৮ জুলাই ওই নির্বাচনে বিজয়ী পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয়। সে অনুযায়ী ২০১৬ সালের ২৭ জুলাই এ পরিষদের মেয়াদ শেষ হয়। ওই সময় দেশের অন্য পৌরসভা ও ইউনিয়ন পরিষদে নির্বাচন হলেও সীমানা জটিলতা দেখিয়ে মেহেরপুর পৌরসভা ও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা স্থগিত রাখে নির্বাচন কমিশন। পরে সময়ে বিভিন্ন রাজনৈতিক দলের আন্দোলনের মুখে ২০১৭ সালের ২৫ ও ২৩ এপ্রিল আমদহ ইউপি নির্বাচনের তফসিল ঘোষণা

করে নির্বাচন কমিশন। ২৫ এপ্রিল মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন তখন স্থগিত করা হয়।

আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আমদহ ইউনিয়নের নির্বাচন দাবি করে আমদহ ইউনিয়ন আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হিরা বলেন, আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন অত্যন্ত জুরুরী। বিনা ভোটে দশ বছর ধরে চেয়ারম্যান হয়ে থাকাটা অন্যায়। সাবেক মেয়রের সাথে কারসাজি করে নির্বাচন আটকে রেখেছে। এটা অন্যায়। এছাড়াও নির্বাচন অনুষ্ঠিত করার ব্যাপরে গুরুত্বপূর্ন দায়িত্ব পালন করে জেলা প্রশাসক ও জেলা নির্বাচন অফিসার। নির্বাচন অনুষ্ঠিত না হওয়ার ব্যাপােও তাদেরও দায় বদ্ধতা আছে।

আমদহ গ্রামের মহসিন আলী বলেন, দীর্ঘদিন ধরে একই চেয়ারে থাকায় ওই চেয়ারম্যান-মেম্বাররা সাধারণ মানুষকে তেমন মূল্য দিচ্ছেন না।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের উপ-দফতর সম্পাদক গোলাম কিবরিয়া বুলু বলেন, ‘সীমানাসংক্রান্ত জটিলতার দোহাই দিয়ে নির্বাচন স্থগিত থাকলেও এটি তেমন জটিল কিছু নয়। এটা নিরসন হয়ে পৌর নির্বাচন হয়েছে। সীমানা জটিলতা আর নেই। আমাদের দলের নেতাকর্মীরা চান নির্বাচন হোক। দল মনোনয়ন দিলে আমারও চেয়ারম্যান পদে নির্বাচন করার ইচ্ছা আছে।

জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি আবদুল্লাহ আল আমিন বলেন, ‘গত তফসিলে আমি চেয়ারম্যান পদে মনোনয়নপত্র জমা দিয়েছিলাম। একটি পক্ষের কূটকৌশলে নির্বাচনটি স্থগিত রয়েছে। শিগগিরই নির্বাচনের দাবি জানাচ্ছি।

আমদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর অ্যাড. কাজী শহিদুল হক বলেন, আমহদ ইউনিয়নে সীমানা জটিলতা আর নেই। বিগত নির্বাচনে তফসিল ঘোষনা হয়েও চেয়ারম্যান আনারুলের কারসাজিতে নির্বাচন স্থগিত হয়েছিল। এখনো পর্যন্ত কোন নির্বাচন হয়নি। চেয়ারম্যান আনারুল যেটা করেছে এটা অন্যায় অনৈতিক।

জনগনের ভোটাধিকার হরণ করেছে সে। জনপ্রতিনিধি জনগণের ভোটে নির্বাচিত হবে এটা স্বাভাবিক। কিন্তু বিনা ভোটে দশ বছর ধরে ক্ষমতা দখল করাটা যৌক্তিক না। আমি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হিসেবে আমদহ ইউনিয়নের নির্বাচন দাবি জানাচ্ছি।

মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, একই কারণে পৌর

নির্বাচন বন্ধ ছিল। নির্বাচন বন্ধ রাখার একটি সিন্ডিকেট রয়েছে। যারা নির্বাচনকে ভয় পায়। যেহেতু সেই জটিলতা কাটিয়ে পৌর নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, আমরা চাই, পাশের এ ইউনিয়নের নাগরিকরাও তাদের ভোটাধিকার ফিরে পাক।

এ বিষয়ে বর্তমান চেয়ারম্যান আনারুল ইসলামকে মোবাইলে ফোন করা হলে তিনি রিসিভ করেননি। তবে এক বছর আগে তিনি নির্বাচন সম্পর্কে বলেন, আমদহ ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান আনারুল ইসলাম বলেন, আমার বিরুদ্ধে কিছু লোক অপপ্রচার চালাচ্ছে। আমি সুন্দরভাবে ইউনিয়নবাসীর সেবা করে যাচ্ছি। নির্বাচন ঠেকানোর কোনো ক্ষমতা আমার নেই। সরকার চাইলেই নির্বাচন হবে।

জেলা নির্বাচন অফিসার আহমেদ আলী বলেন, আমদহ ইউনিয়ন পরিষদ ও পৌরসভার মধ্যে সীমানা নির্ধারণ নিয়ে হাইকোর্টে একটি মামলা বিচারাধিন আছে। ২০১৭ সালে মেহেরপুর পৌরসভার বিষয়ে বাদি পক্ষরা মামলাটি তুলে নিয়েছিল। এজন্য পৌর নির্বাচন আমরা করতে পেরেছিলাম। একই সাথে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের জন্য তফসিল ঘোষনা করেছিলাম।

কিন্তু হাইকোর্ট থেকে নির্বাচন কমিশনকে একটি নোটিশ প্রেরন করা হয়। এর প্রেক্ষিতে নির্বাচন কমিশন আমাদের নির্দেশ দেন আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন স্থগিত রাখতে। সেই থেকে এখনো পর্যন্ত আমরা কোন নির্বাচনের নির্দেশ পাইনি।

এ বিষয়ে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন কোন মামলা মোকাদ্দমা থাকার কারনে বন্ধ থাকতে পারে। তারপরও আমি বিষয়টি ভালো করে খোঁজ খবর নিয়ে দেখছি। কোন আইনগত সমস্যা থাকলে সেটা নিরসন করার চেষ্টা করবো।

মেহেরপুরে রয়েল এক্সপ্রেস

পরিবহন থেকে ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বন্দর গ্রামের হাইওয়ে থেকে ঢাকাগামী রয়েল এক্সপ্রেস পরিবহন এর পিছন বক্সের ভিতরে চটের বস্তার ভিতর পেটি করা অবস্থায় ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

শুক্রবার রাতে মেহেরপুর সদর থানার অফিসার্স ইনচার্জ শাহ্ দারা খান এর নির্দেশক্রমে এই অভিযান পরিচালনা করেন সদর থানার এস আই ইকবাল।

এসময় সদর থানার অফিসার্স ইনচার্জ শাহ্ দারা খান বলেন, আমাদের কাছে সংবাদ আসে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ মোড় থেকে ঢাকাগামী রয়েল এক্সপ্রেস পরিবহনে করে ফেন্সিডিল যাচ্ছে ঢাকায়। তারই সূত্র ধরে আমরা বন্দর গ্রামের হাইওয়েতে চেকপোস্ট বসিয়ে গাড়িটি আটকায় এবং ১৫০ বোতল ফেন্সিডিল উদ্ধার করি।

তিনি আরও বলেন, এর সাথে যারা জড়িতো আছে তাদের ক্ষেত্রে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

এসময় আরও উপস্থিত ছিলেন সদর থানার এএসআই কহিতুর, কনস্টেবল জামিরুল, হাবিব প্রমুখ।

হাসপাতালে আল্লামা শফি

অসুস্থ হয়ে পড়েছেন দেশের শীর্ষ কওমী আলেম আল্লামা আহমদ শফি।

বৃহস্পতিবার রাতে তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। রাত সাড়ে ১২টায় আল্লামা শফিকে নিয়ে একটি গাড়ি চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পথে রওনা দেয়। বর্তমানে তিনি সেখানেই চিকিৎসাধীন আছেন।

হাটহাজারী মাদ্রাসার একাধিক সূত্র জানায়, বৃহস্পতিবার সন্ধ্যায় হঠাৎ করে আল্লামা শফির স্বাস্থ্যের অবনতি হয়। এরপর তাকে

চট্টগ্রামে মেডিকেল কলেজ হাসপাতালের নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়া হয়।

প্রসঙ্গত, দেশের শীর্ষ কওমী আলেমা আল্লামা আহমেদ শরীরের বাসা বেঁধেছে নানান রোগ। ১০৫ বছর বয়সী এ প্রবীন আলেম ডায়াবেটিকস, উচ্চ রক্তচাপসহ বার্ধক্যজনিত রোগে ভুগছেন। ফলে প্রায় তাকে হাসপাতালে ভর্তি থাকতে হয়।

গত কয়েক মাসের একাধিকবার শরীরে নানা জটিলতা দেখা দিলে চট্টগ্রাম ও ঢাকার হাসপাতালে কয়েকদিন চিকিৎসা নিতে হয় বড় হুজুর খ্যাত আল্লামা শফিকে।

আইসিইউতে অ্যাটর্নি জেনারেল

করোনাভাইরাসে আক্রান্ত অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলমকে রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালের (সিএমএইচ) আইসিইউতে স্থানান্তর করা হয়েছে।

আজ ভোরে তাকে আইসিইউতে নেওয়া হয়েছে।

হাসপাতাল থেকে অ্যাটর্নি জেনারেলকে দেখাশোনার দায়িত্বে নিয়োজিত অ্যাডভোকেট মাসুদ মিয়া জানান, ভোরে অ্যাটর্নি জেনারেলের শারীরিক অবস্থার অবনতি হওয়ায় আইসিইউতে স্থানান্তর করা হয়েছে।

উল্লেখ্য, করোনাভাইরাসে আক্রান্ত হওয়ায় গত ৪ সেপ্টেম্বর অ্যাটর্নি জেনারেলকে রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে ভর্তি করা হয়।

খালেদা জিয়ার বড়পুকুরিয়া মামলার অভিযোগ গঠন পেছাল

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াসহ ১১ আসামির বিরুদ্ধে বড়পুকুরিয়া কয়লা খনি দুর্নীতি মামলায় অভিযোগ গঠনের বিষয়ে শুনানির তারিখ পিছিয়ে আগামী ১৭ নভেম্বর ধার্য করেছেন আদালত।

আজ বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) কেরানীগঞ্জ কারাগারে নবনির্মিত ২ নম্বর ভবনে স্থাপিত অস্থায়ী ঢাকার বিশেষ জজ আদালত-২ এর বিচারক এ এইচ এম রুহুল ইমরান আসামিপক্ষের সময় আবেদন মঞ্জুর করে এ তারিখ ধার্য করেন।

আজ মামলাটি অভিযোগ শুনানির দিন ধার্য ছিল। কিন্তু খালেদা জিয়া শারীরিকভাবে সুস্থ না থাকায় আদালতে হাজির হতে পারেননি। এজন্য তাঁর পক্ষে সময় আবেদন করেন মাসুদ আহম্মেদ তালুকদার। শুনানি শেষে বিচারক সময়ের আবেদন মঞ্জুর করে পরবর্তী অভিযোগ শুনানির এ তারিখ ধার্য করেন।

এ মামলায় আসামি ছিলেন ১৩ জন। জামায়াত নেতা নিজামী ও মুজাহিদের ফাঁসি কার্যকর হওয়ায় বর্তমানে আসামি ১১ জন। সম্প্রতি আরেক আসামি ব্যারিস্টার আমিনুল হক মারা গেছেন।

আসামিরা হলেন খালেদা জিয়া, সাবেক বাণিজ্যমন্ত্রী আলতাফ হোসেন চৌধুরী, সাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ড. খন্দকার মোশারফ হোসেন, সাবেক কৃষিমন্ত্রী এম কে আনোয়ার, সাবেক তথ্যমন্ত্রী এম শামসুল ইসলাম, সাবেক ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী ব্যারিস্টার মো. আমিনুল হক, মো. সিরাজুল ইসলাম চৌধুরী, হোসাফ গ্রুপের চেয়ারম্যান মোয়াজ্জেম হোসেন, সাবেক জ্বালানি ও খনিজসম্পদ সচিব নজরুল ইসলাম, পেট্রোবাংলার সাবেক পরিচালক মুঈনুল আহসান, সাবেক জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী এ কে এম মোশারফ হোসেন।

২০০৮ সালের ২৬ ফেব্রুয়ারি খালেদা জিয়া ও তাঁর মন্ত্রিসভার সদস্যসহ ১৬ জনের বিরুদ্ধে বড়পুকুরিয়া কয়লা খনি দুর্নীতি মামলা দায়ের করে দুদক। শাহবাগ থানায় মামলাটি করেন দুর্নীতি দমন কমিশনের তৎকালীন সহকারী পরিচালক মো. সামছুল আলম।

□□□□□- □□□□□ □□□□